

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রীর সাথে ইউকেবিসিসিআই ট্রেড মিশনের প্রতিনিধিবৃন্দের সাক্ষাৎ

ঢাকা- ১৮ জুন, ২০১৯

আজ বেলা-০২.০০ টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি'র সাথে ইউকেবিসিসিআই ট্রেড মিশনের প্রতিনিধিবৃন্দ সাক্ষাৎ করেছেন।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি প্রতিনিধিদেরকে বাংলাদেশে আরোও বিনিয়োগ করার আহ্বান জানান। বাংলাদেশ সরকার দক্ষ মানব সম্পদ সৃষ্টিতে বদ্ধ পরিকর উল্লেখ করে তিনি বলেন, যুক্তরাজ্যসহ ইউরোপে বাংলাদেশের শ্রমবাজার বৃদ্ধিতে সবাইকে এক হয়ে কাজ করতে হবে। এসময় তিনি পর্যটন শিল্পে দক্ষ মানবসম্পদ সৃষ্টিতে বাংলাদেশে পর্যটন প্রশিক্ষণ গড়ে তোলার কথা উল্লেখ করেন।

এসময় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন প্রমুখ উপস্থিত ছিলেন।

ইউকেবিসিসিআই এর চেয়ারম্যান ইকবাল আহমেদ এর নেতৃত্বে বৈঠকে উপস্থিত প্রতিনিধিরা হলেন, ইউকেবিসিসিআই এর প্রেসিডেন্ট বজলুর রশিদ, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এম এ রউফ জেপি, ডিরেক্টর ও আহ্বায়ক শওকত আজিজ রাসেল, ড. এম জি মওলা মিয়া, রোহেমা মিয়া, আবদুল কিউ খালেক (জামাল), ব্যারিস্টার আনোয়ার বাবুল মিয়া, ফারজানা হোসেন নীলা প্রমুখ।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল- ০১৭১২-৩৮০৪৩৫

